চাকদহ রামলাল একাডেমী

তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন - ২০২৫

শ্রেণি ঃ পঞ্চম

বিষয় ঃ বাংলা

পূর্ণ নম্বর ঃ ৫০ **সময় ঃ ১ ঘন্টা ৩০ মিনিট**

১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১১=১১

১.১) মাস্টারদা কোন বিষয়ের শিক্ষক ছিলেন?

ক) ইতিহাস খ) বাংলা গ) অংক ঘ) ভূগোল।

১.২) সিংহাসনে কি ঝোলানো থাকে?

ক) বোতল শিশি খ) আয়না গ) পুতুল ঘ) শিরীষ কাগজ

১.৩) আকাশে থাক ঝড় বৃষ্টি, আর কিছু —

ক) মেঘ খ) জল গ) চাঁদ ঘ) রোদ্দুর।

১.৪) গোপাল জটি পিসিমাকে কয়টি তাল দিয়েছিলো?

ক) একটি খ) দুটি গ) তিনটি ঘ) চারটি।

১.৫) মস্ত আশীর্বাদের মতো —

ক) পায়ের খ) মাথার গ) পিঠের ঘ) গায়ের —

উপর ইতস্তত ঝরতে থাকে পাতা।

১.৬) এমনি করে পৃথিবী রোজ —

ক) নতুন খ) পুরোনো গ) কঠিন ঘ) সহজ - হচ্ছে।

১.৭) ক্রিয়ার রূপ পরিবর্তন করে —

ক) পদ খ) পক্ষ গ) শব্দ ঘ) বচন।

১.৮) সন্ধিবদ্ধ করো — 'আধ্ + খানা' —

ক) আধখানা খ) আদখানা গ) আৎখানা ঘ) আথখানা।

১.৯) 'আবাহন' শব্দের বিপরীত শব্দ —

ক) প্রত্যাবর্তন খ) বিসর্জন গ) অবগাহন ঘ) বাহন।

১.১০) প্রদত্ত কোন শব্দটির পুংলিঙ্গ হয় না?

ক) বাঘিনী খ) বিমাতা গ) গুরু মা ঘ) নবীনা

১.১১) ফৌজ শব্দটি হল —

ক) সমষ্টি বাচক বিশেষ্য　　খ) ক্রিয়াবাচক বিশেষ্য

গ) জাতিবাচক বিশেষ্য　　ঘ) গুণবাচক বিশেষ্য

২। নীচের প্রশ্নগুলির অতিসংক্ষেপে উত্তর দাও। ১×১১=১১

২.১) 'পায় মজা সে মুখখু' — কাকে মুখখু বলা হয়েছে?

২.২) তোমার পাঠ্য 'আকাশের দুই বন্ধু' গল্পটি কোন্ বই থেকে নেওয়া হয়েছে?

অথবা, তোমার পাঠ্য 'মাস্টারদা' কোন্ বই অবলম্বনে লিখিত।

২.৩) 'ভুলিয়ে দেয় সব হিসাব ও' — এখানে 'ও' বলতে কাকে বোঝানো হয়েছে?

২.৪) 'মুক্তির মন্দির সোপানতলে' — গানটির লেখক কে?

অথবা, রবীন্দ্রনাথ ঠাকুরের 'শরৎ তোমার' গানটি কোন্ পর্যায়ভুক্ত গান?

২.৫) জটি পিসিমার ভালো নামটি কী?

২.৬) 'কুমড়ো নিয়ে ক্রিকেট খেলে' — কে কুমড়ো নিয়ে ক্রিকেট খেলে?

২.৭) সমাপিকা ক্রিয়া কাকে বলে?

২.৮) লিঙ্গ কাকে বলে?

২.৯) 'কুচকুচ কালো কুকুরটি দাঁড়িয়ে আছে।' — বাক্যস্থিত বিশেষণের বিশেষণটি চিহ্নিত করো।

২.১০) সন্ধি বিচ্ছেদ করো (একটি) ঃ বনস্পতি,　সদাশয়

২.১১) কোনটি কোন্ পুরুষ তা লেখো (একটি) —

ওর,　আমরা।

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। (যে কোনো দুটি) ২×২=৪

৩.১) চুনির বাবা কে? চুনির মা জটি পিসিমার বাড়ি গিয়েছিল কেন? ১+১=২

৩.২) আমাদের দেশ কত সালে স্বাধীনতা লাভ করে? রেস্তোরাঁর গায়ে নোটিশে কি লেখা থাকতো? ১+১=২

৩.৩) পেটকাটা ও চাঁদিয়ালের কিভাবে দেখা হয়েছিল?

৪। **নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। (যে কোনো দুটি)** ২×২=৪

৪.১) আখকে 'মিষ্টি সবার চাইতে' বলা হয়েছে কেন?

৪.২) কবির মনে কখন আর কোনো দুঃখই থাকে না?

৪.৩) 'বোম্বাগড়ের রাজা' কবিতায় কে কেমন অদ্ভুত কাজ করে তার দুটি উদাহরণ দাও।

৫। **নীচের প্রশ্নগুলি নিজের ভাষায় উত্তর দাও ঃ (যে কোনো একটি)** ১×৫=৫

৫.১) 'ওরা বলাবলি করছিল,' — 'ওরা' কারা? 'ওরা' কী বলাবলি করছিল? ১+৪=৫

৫.২) ইংরেজদের অত্যাচারের বিরুদ্ধে মানুষ কিভাবে মাস্টারদার নেতৃত্বে রুখে দাঁড়িয়েছিল?

৬। **নীচের প্রশ্নগুলি নিজের ভাষায় উত্তর দাও ঃ (যে কোনো একটি)** ১×৫=৫

৬.১) 'একলা' কবিতাটিতে কবি যখন একলা থাকেন তখন তার সঙ্গে আর কারা, কিভাবে থাকে?

৬.২) 'মিষ্টি' কবিতাটির সারসংক্ষেপ (বিষয়বস্তু) নিজের ভাষায় লেখ।

৭। বার্ষিক পরীক্ষার ফলাফল জানিয়ে বাবাকে পত্র লেখ। ৫

অথবা, তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত পঁচিশে বৈশাখের অনুষ্ঠানের কথা জানিয়ে বন্ধুকে পত্র লেখ।

৮। **অনুচ্ছেদ রচনা করো ঃ (যে কোনো একটি)** ৫

৮.১) বিদ্যালয় জীবনে খেলাধূলার ভূমিকা

৮.২) গাছ আমাদের বন্ধু

৮.৩) বাংলার উৎসব।